আজকের কাগজ

তারিখ 18 FEB 1994
পৃষ্ঠা ৮ কলাম ৭

04

# ডঃ কুদরত–ই–খুদা শিক্ষা কমিটি রিপোর্ট বাস্তবায়ন সম্পর্কিত সিদ্ধান্ত প্রস্তাব কণ্ঠভোটে নাকচ

**কাগজ প্রতিবেদক :** ডঃ কুদরত–ই খুদা শিক্ষা কমিশন রিপোর্ট অনতিবিলম্বে বাস্তবায়ন সম্পর্কিত সিদ্ধান্ত প্রস্তাব গতকাল জাতীয় সংসদে কণ্ঠভোটে নাকচ হয়ে যায়। প্রস্তাব আনেন আওয়ামী লীগের ডাঃ মোজাম্মেল হোসেন। সংশোধনী প্রস্তাব উত্থাপন করেন ১০ জন সাংসদ। সাতজন আলোচনায় অংশ নেন। সাংসদরা বিজ্ঞানভিত্তিক ও কর্মমুখী শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে বরেণ্য বিজ্ঞানী ডঃ খুদার রিপোর্ট বাস্তবায়নের দাবি জানান। আলোচনার সমাপ্তি টেনে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেন, ডঃ খুদরত–ই–খুদা শিক্ষা কমিশন রিপোর্টের অনেক উল্লেখযোগ্য অংশ পর্যায়ক্রমে বাস্তবায়িত হয়েছে। সরকার একটি যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের বিষয়টি বিশেষভাবে বিবেচনা করে দেখছে।